

প্রকাশ : ৪ ফেব্রুয়ারি, ২০১৭ ১৩:১৬
আপডেট : ৪ ফেব্রুয়ারি, ২০১৭ ১৬:২০

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

রবিবার নিজস্ব ভবনে যাচ্ছে 'ডিএনসিসি'

| অনলাইন ডেস্ক



পাঁচ বছর পর নিজস্ব ভবনে স্থানান্তরিত হচ্ছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। গুলশান ২নং সার্কেলের ৯০ নং রোডের ২৩-২৬ নং প্লটের ১৬ তলা বিশিষ্ট ভবনই হচ্ছে ডিএনসিসি'র নগর ভবন। রবিবার (০৫ ফেব্রুয়ারি) বিকেল সাড়ে ৪টায় মেয়র আনিসুল হক ডিএনসিসি'র নগর ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। একই সঙ্গে নতুন ভবনে অফিস করা শুরু করবেন মেয়র।

এ ভবনে লেবেল-৮ এ অফিস করবেন মেয়র আনিসুল হক। এছাড়া থাকবেন ডিএনসিসি'র প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, প্রধান হিসাব রক্ষক কর্মকর্তা, প্রধান বর্জ্য ব্যবস্থাপকসহ উর্ধ্বতন কর্মকর্তারা।

১৬ তলা বিশিষ্ট এ ভবনের লেবেল ৮, ৯ ও ১০ ব্যবহার করবে ডিএনসিসি। পরবর্তীতে লেভেল ৬ ও ১১ এর সঙ্গে যোগ করা হবে।

রাজধানীর উন্নয়নের গতি তরাঙ্কিত করতে ২০১১ সালে ঢাকা সিটি করপোরেশনকে দুই ভাগ করা হয়। ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন হিসেবে দুই সিটি করপোরেশনের যাত্রা শুরু হয় ২০১১ সালের ২৯ নভেম্বর জাতীয় সংসদে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) সংশোধন বিল-২০১১ পাসের মধ্য দিয়ে।

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের বহুতল বিশিষ্ট নগর ভবন থাকলেও উত্তরের ছিলো না নিজস্ব কোনো ভবন। এতদিন ৮১ গুলশান এভিনিউ -এ প্রাক্তন মেয়রের বাস ভবনে ডিএনসিসি'র কাজ চালিয়ে আসছেন মেয়র আনিসুল হক ও তার আগে দায়িত্ব পালনকারী প্রশাসকরা।

ঢাকা সিটি কর্পোরেশন বিভক্তের পর ২০১৫ সালের ২৮ এপ্রিল প্রথমবারের মতো নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে জয় লাভ করে প্রথম মেয়র হিসেবে উত্তরের দায়িত্বগ্রহণ করেন আনিসুল হক। দায়িত্ব গ্রহণের পর থেকেই ডিএনসিসি'র নিজস্ব ভবনে যাওয়ার ঘোষণা দিয়েছিলেন মেয়র।

বিডি-প্রতিদিন/এস আহমেদ